



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

স্মারক নং-২৬৫/ক/অনু:/০৯/২১৪

তারিখ: ২৩/০২/১৪

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর উত্তরা এলাকায় অবস্থিত 'উত্তরা হাই স্কুল এন্ড কলেজ' এর সহকারী সিনিয়র শিক্ষক জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম এর সাময়িক বরখাস্তের মেয়াদ দুই মাসের বেশি অতিক্রান্ত হওয়ায় এতদসংক্রান্ত মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-৩৬৫৭/১৫ ও শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫.৬৯৪ তারিখ ০৬/০৮/২০১৭ এর আলোকে ও বোর্ডের পত্র নং ২৬৫/ক/অনু:/২০০৯/৮৮ তারিখ ২০/৫/২০১৮ মোতাবেক তার সাময়িক বরখাস্তকালীন সময়ের সমুদয় বকেয়া বেতন-ভাতা পরিশোধসহ বেতন-ভাতা নিয়মিতকরণ করার জন্য আপনাকে পত্র দেয়া হলেও আপনি বোর্ডের নির্দেশসমূহ পালন করেননি। এমতাবস্থায়,

- (১) অত্র কলেজের সাময়িক বরখাস্তকৃত সহকারী সিনিয়র শিক্ষক জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম এর সাময়িক বরখাস্তের মেয়াদ দুই মাসের বেশি অতিক্রান্ত হওয়ায় এতদসংক্রান্ত মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-৩৬৫৭/১৫ ও শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫.৬৯৪ তারিখ ০৬/০৮/২০১৭ এর আলোকে ও বোর্ডের পত্র নং ২৬৫/ক/অনু:/২০০৯/৮৮ তারিখ ২০/৫/২০১৮ মোতাবেক তাকে বকেয়া বেতনভাতা পরিশোধপূর্বক বেতনভাতা চালু করে অত্র পত্র প্রাপ্তির ০৭ কর্মদিবসের মধ্যে করে উহার লিখিত প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করার জন্য আপনাকে চূড়ান্ত নির্দেশ প্রদান করা হলো।
- (২) বোর্ডের নির্দেশসমূহ লংঘন করায় "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা-২০০৯" এর বিধি ৩৮ অনুযায়ী কেন অত্র প্রতিষ্ঠানের চলমান গভর্নিং বডি ভেঙ্গে দেয়া হবেনা তার কারণ সুস্পষ্ট ব্যাখ্যাসহ আগামী ৩০(ত্রিশ) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে লিখিতভাবে পেশ করার জন্য আপনাকে চূড়ান্তভাবে নির্দেশ প্রদান করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

ঃ

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

উত্তরা হাই স্কুল এন্ড কলেজ [EIN: 108538]

উত্তরা, ঢাকা।

মেমো নং- ২১৪ (২)

তারিখ: ২৩/০২/১৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা
- ৪। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৫। পিএসটি চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, উত্তরা, ঢাকা।
- ৭। সভাপতি, উত্তরা হাই স্কুল এন্ড কলেজ, উত্তরা, ঢাকা।
- ৮। জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম, সহকারী সিনিয়র শিক্ষক, উত্তরা হাই স্কুল এন্ড কলেজ, উত্তরা, ঢাকা।
- ৯। অফিস কপি।

২৩/০২/১৪

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা